India-Kyrgyz Republic Foreign Office Consultations

June 16, 2021

ভারত-কিরগিজ প্রজাতন্ত্রের বিদেশ দপ্তরের মধ্যে পরামর্শ

জুন 16,2021

ভারত এবং কিরগিজ প্রজাতন্ত্রের মধ্যে বিদেশ দপ্তরের ১১তম পরামর্শ ১৬ই জুন ২০২০ তারিখে ভার্চুয়াল মোডে অনুষ্ঠিত হয়েছে। ভারতের তরফ থেকে নেতৃত্ব দিয়েছেন শ্রী বিকাশ্ স্বরূপ, সচিব (পশ্চিম)। কিরিগিজের তরফ থেকে নেতৃত্ব দিয়েছেন কিরগিজ প্রজাতন্ত্রের প্রথম উপ বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি নুরন নিয়াজালিয়েভ।

পরামর্শ চলাকালীন উভয় তরফ, রাজনৈতিক, অর্থনৈতিক, বাণিজ্য, প্রতিরক্ষা, অংশীদারিত্বের বিকাশ, যোগ্যতা অর্জন, বাণিজ্যদূত সংক্রান্ত এবং সাংস্কৃতিক সহযোগিতা সহ দ্বিপাক্ষিক সহযোগিতার বিভিন্ন ক্ষেত্রগুলির পর্যালোচনা করেছেন। বিশেষ ভাবে জোর দেওয়া হয়েছে ২০১৯-এর জুন মাসে ভারতের প্রধানমন্ত্রীর কিরগিজ প্রজাতন্ত্র সফরকালে গৃহীত মৌ / চুক্তি গুলির সিদ্ধান্তগুলির সময়োচিতভাবে সম্পাদন করার উপরে।

উভয়পক্ষ, পারস্পরিক স্বার্থের আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়গুলির উপরে নিজেদের দৃষ্টিভঙ্গীর আদানপ্রদান করেছেন এবং রাষ্ট্রপুঞ্জ ও বহুপাক্ষিক ক্ষেত্রে সহযোগিতাকে বৃদ্ধি করার বিষয়ে সহমত প্রকাশ করেছেন।

বন্ধুত্বপূর্ণ এবং আন্তরিক পরিবেশের মধ্যে আলোচনাটি অনুষ্ঠিত হয়েছে। পারস্পরিক সুবিধাজনক তারিখে সময়ে পরবর্তী পরামর্শ আয়োজন করার বিষয়ে উভয় পক্ষ সহমত প্রকাশ করেছেন।

নিউ দিল্লি
জুন 16,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.